

দৈনিক
ইত্তেফাক

/ **জেএসসি পরীক্ষা**
শুরু ১ নভেম্বর

■ **ইত্তেফাক রিপোর্ট**

চলতি বছরের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা আগামী ১ নভেম্বর শুরু হবে। শেষ হবে ১৭ নভেম্বর। গতকাল, ১ সোমবার সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা সচিব হুমায়ুন খালিদদের সভাপতিত্বে এক সভায় এ পরীক্ষার সূচি চূড়ান্ত করা হয়। সভা শেষে

পৃষ্ঠা ২ কলাম ৭

// **জেএসসি পরীক্ষা**

২০ পৃষ্ঠার পর

হুমায়ুন খালিদ সাংবাদিকদের বলেন, অষ্টমের সমাপনী শেষে ২০ থেকে ২৭ নভেম্বর পর্যন্ত পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

নির্ধারিত দিনে সকাল ১০টা থেকে জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু হবে। প্রাথমিক শিক্ষার স্তর অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত হওয়ায় এবার আটটি সাধারণ বোর্ড ও মাদ্রাসা বোর্ডের সহায়তায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জেএসসি-জেডিসি পরীক্ষা নেবে।

জেএসসি সূচি

১ নভেম্বর বাংলা প্রথমপত্র, ২ নভেম্বর বাংলা দ্বিতীয়পত্র, ৩ নভেম্বর ইংরেজি প্রথমপত্র, ৬ নভেম্বর ইংরেজি দ্বিতীয়পত্র, ৭ নভেম্বর ইসলাম ও নৈতিক শিক্ষা, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা। ৮ নভেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ৯ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১০ নভেম্বর শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, ১৩ নভেম্বর গণিত, ১৪ নভেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা।

১৫ নভেম্বর বিজ্ঞান, ১৬ নভেম্বর চারু ও কারুকলা, ১৭ নভেম্বর কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত, পালি বিষয়ের পরীক্ষা হবে।

জেডিসি সূচি

১ নভেম্বর কুরআন মাজীদ ও তাজবিদ, ২ নভেম্বর আকাইদ ও ফিকহ, ৩ নভেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (শুধু অনিয়মিত)। ৬ নভেম্বর ইংরেজি প্রথমপত্র, ৭ নভেম্বর ইংরেজি দ্বিতীয়পত্র, ৮ নভেম্বর বাংলা প্রথমপত্র, ৯ নভেম্বর বাংলা দ্বিতীয়পত্র, ১০ নভেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য।

১২ নভেম্বর গণিত, ১৩ নভেম্বর আরবি প্রথমপত্র, ১৪ নভেম্বর আরবি দ্বিতীয়পত্র, ১৫ নভেম্বর সামাজিক বিজ্ঞান (শুধু অনিয়মিত), বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১৬ নভেম্বর বিজ্ঞান, ১৭ নভেম্বর কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি (শুধু অনিয়মিত) এবং গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের পরীক্ষা হবে।